গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
হাটহাজারী, চট্টগ্রাম

স্মারক নং- ১২.১৮.২০১৫.০৩৭.০৪০.০০৩.২১--৩৯৫ তারিখঃ ২১/১১/২০২১খ্রিঃ

## সভার নোটিশ

এতদ্বারা হাটহাজারী উপজেলার কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির সদস্যদের জানানো যাচ্ছে যে, আগামি ২৫/১১/২০২১ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় কমিটির সভা মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম মহোদয়ের সভাপতিত্বে তাঁহার অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

উক্ত সভা আয়োজনে কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির সভাপতি মহোদয়ের সম্মতি রয়েছে।

আলোচ্য বিষয়ঃ

১. এডিপির অর্থায়নে কৃষি ভিত্তিক প্রকল্প গ্রহন সংক্রান্ত আলোচনা।
২. সরকারি ভর্তুকি সুবিধায় সেচ মিটার সংযোগের ছাড়পত্র প্রদান।
৩. পতিত জমি উদ্ধারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন।
৪. বিবিধ

স্বাক্ষরিত/-
মোঃ আল মামুন শিকদার
উপজেলা কৃষি অফিসার
হাটহাজারী, চট্টগ্রাম।
ও
সদস্য-সচিব
কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি।

স্মারক নং- ১২.১৮.২০১৫.০৩৭.০৪০.০০৩.২১--৩৯৫/১(৯) তারিখঃ ২১/১১/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে

১. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
৩. উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম।
৪. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম ও সভাপতি, কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি।
৫. চেয়ারম্যান, ধলই/মির্জাপুর/ফতেপুর/ চিকনদন্ডী ইউনিয়ন পরিষদ ও সদস্য, কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি।
৬. অফিস নথি।

২১/১১/২১

মোঃ আল মামুন শিকদার
উপজেলা কৃষি অফিসার
হাটহাজারী, চট্টগ্রাম।
ও
সদস্য-সচিব
কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি।

# কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির নভেম্বর , ২০২১ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোক্তার বেগম, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ , হাটহাজারী, চট্টগ্রাম।

সভার তারিখঃ ২৫-১১-২০২১ খ্রিঃ

সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম মহোদয়ের অফিস কক্ষ।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের নাম, পদবি ও স্বাক্ষরঃ- পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার আলোচ্যসূচীঃ
১. এডিপির অর্থায়নে কৃষিভিত্তিক প্রকল্প গ্রহন।
২. সরকারি ভর্তুকি সুবিধায় সেচ মিটার প্রাপ্তিতে ছাড়পত্র প্রদান।
৩. পতিত জমি উদ্ধারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করার জন্য কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিস, হাটহাজারী, চট্টগ্রাম মহোদয়কে অনুরোধ জানান।

আলোচ্যসূচীঃ
১. উপজেলা কৃষি অফিসার সভার উপস্থিত সদস্যদের জানান যে, এডিপির অর্থায়নে ইউনিয়ন পর্যায়ে কৃষি বিষয়ক প্রকল্প যেমন, স্থায়ী সেচ ও নিকাশ নালা স্থাপন, সর্জন পদ্ধতিতে ফসল ও মাছের সমন্বিত চাষ, সোলার সেচ ব্যবস্থা বাস্তবায়ন প্রভৃতি গ্রহনের বিষয়ে ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানদের প্রয়োজনীয় উদ্যোগ নেয়া প্রয়োজন। এ বিষয়ে তিনি ইউপি চেয়ারম্যান মহোদয়দের দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্তঃ এডিপির আওতায় ইউনিয়ন পর্যায়ে কৃষিভিত্তিক প্রকল্প গ্রহনের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়কে অবহিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২. উপজেলা কৃষি অফিসার মহোদয় জানান যে, চলতি রবি মৌসুমে সরকারি ভর্তুকি সুবিধায় সেচ মিটার এর সংযোগে ছাড়পত্র প্রাপ্তিতে কৃষকের আবেদন পাওয়া যাচ্ছে।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে ভর্তুকি সুবিধায় সেচ মিটারের সংযোগে ছাড়পত্র প্রাপ্তির আবেদন মাঠপর্যায়ে যথাযথভাবে যাচাইপূর্বক ছাড়পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. উপজেলা কৃষি অফিসার মহোদয় জানান যে, উপজেলার বিভিন্ন ইউনিয়নে পরিবেশবান্ধব কৃষি প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে স্থায়ীভাবে পতিত হয়ে যাওয়া জমি উদ্ধার করা সম্ভব। এক্ষেত্রে তিনি সর্জন পদ্ধতি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টিবাগান স্থাপনের গুরুত্ব তুলে ধরেন এবং সংশ্লিষ্ট বিষয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়দের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার অনুরোধ জানান।

সিদ্ধান্তঃ ইউনিয়ন পর্যায়ে সর্জন পদ্ধতির প্রচার ও সম্প্রসারণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোক্তার বেগম
মহিলা ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
ও
সভাপতি
কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি ।

স্মারক নং-১২.১৮.২০১৫.০৩৭.০৪০.০০৩.২১- ৪০৪ তারিখঃ ২৫-১১-২০২১ খ্রিঃ

**অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হল।**

১. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চটগ্রাম।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ , হাটহাজারী, চট্টগ্রাম।
৩. উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম।
৪. মহিলা ভাইস-চেয়ারম্যান , উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম ও সভাপতি, কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি।
৫. চেয়ারম্যান, ধলই/মির্জাপুর/ফতেপুর/চিকনদন্ডী ইউনিয়ন পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম ও সদস্য, কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি।
৬. অফিস নথি।

মোঃ আল মামুন শিকদার
উপজেলা কৃষি অফিসার
হাটহাজারী, চট্টগ্রাম ।
ও
সদস্য-সচিব
কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি।

নভেম্বর, ২০২১ খ্রিঃ মাসের কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (পরিশিষ্ট 'ক')

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোক্তার বেগম | মহিলা ভাইস-চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>হাটহাজারী, চট্টগ্রাম। | সভাপতি | মোক্তার বেগম |
| ০২ | জনাব আবুল মনছুর | চেয়ারম্যান<br>২ নং ধলই ইউনিয়ন পরিষদ<br>হাটহাজারী, চট্টগ্রাম। | সদস্য | |
| ০৩ | জনাব মোঃ আক্তার হোসেন খান | চেয়ারম্যান<br>৩ নং মির্জাপুর ইউনিয়ন পরিষদ<br>হাটহাজারী, চট্টগ্রাম। | সদস্য | |
| ০৪ | জনাব মোঃ জায়নুল আবেদীন | চেয়ারম্যান<br>১১ নং ফতেপুর ইউনিয়ন পরিষদ<br>হাটহাজারী, চট্টগ্রাম। | সদস্য | |
| ০৫ | জনাব হাসান জামান বাচ্চু | চেয়ারম্যান<br>১২ নং চিকনদন্ডী ইউনিয়ন পরিষদ<br>হাটহাজারী, চট্টগ্রাম। | সদস্য | |
| ০৬ | জনাব মোঃ আল মামুন শিকদার | উপজেলা কৃষি অফিসার<br>হাটহাজারী, চট্টগ্রাম। | সদস্য-সচিব | |